

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩২৯১

পর্ব-১৩: বিবাহ (১১১। ১১১)

পরিচ্ছেদঃ ১১. তৃতীয় অনুচ্ছেদ - খুল্'ই (খুলা' তালাক) ও তালাক প্রসঙ্গে

আরবী

وَعَنْ نَافِعٍ عَنْ مَوْلَاةٍ لِصَفِيَّةَ بِنْتِ أَبِي عُبَيْدٍ أَنَّهَا اخْتَلَعَتْ مِنْ زَوْجِهَا بِكُلِّ شَيْءٍ لَهَا فَلَمْ يُنْكِرْ ذَلِكَ عَبْدُ اللَّهِ بْنُ عمر. رَوَاهُ مَالك

বাংলা

৩২৯১-[১৮] নাফি' (রহঃ) হতে বর্ণিত। তিনি 'সফিয়্যাহ্ বিনতু আবূ 'উবায়দ'-এর ক্রীতদাসী হতে বর্ণনা করেন, সফিয়্যাহ্ (রাঃ) তাঁর স্বামী ['আব্দুল্লাহ ইবনু 'উমার (রাঃ)] হতে নিজের সমস্ত সহায়-সম্পত্তির বিনিময়ে খুলা' (তালাক) চান। অথচ 'আব্দুল্লাহ ইবনু 'উমার(রাঃ) এতে কোনো দ্বিমত পোষণ করেননি। (মালিক- মুয়াত্ত্বা)[1]

ফুটনোট

[1] সহীহ: মালিক ১২২৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: সফিয়্যাহ্ হলেন মুখতার ইবনু আবূ 'উবায়দাহ্ আস্ সাকাফিয়্যাহ্-এর বোন এবং 'উমার তনয় 'আব্দুল্লাহ-এর স্ত্রী। তিনি নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর সাক্ষাৎ পেয়েছিলেন এবং তাঁর নিকট থেকে হাদীস শ্রবণও করেছেন, তবে তিনি সরাসরি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম থেকে হাদীস রিওয়ায়াত করেননি, অবশ্য 'আয়িশাহ্ (রাঃ) হাফসাহ্ (রাঃ) থেকে রিওয়ায়াত করেছেন। তিনি তার স্বামী 'আবদুল্লাহ -এর নিকট থেকে খুলা'র প্রস্তাব দেন। বলা হয়েছে, (بِكُلِّ شَيْءٍ لَهَا) তার সকল কিছুর বিনিময়ে। এই সকল কিছু বলতে তার নিজের সকল সম্পদ অথবা তার কাছে স্বামীর দেয়া সকল সম্পদ অথবা তার স্বামীর অধিকার বা পাওনা সকল সম্পদ হতে পারে। 'আব্দুল্লাহ্ তা প্রদানে অস্বীকার করেননি।

খুলা' করতে গিয়ে স্ত্রীর তার প্রাপ্ত মোহরের টাকা ফেরত দিবে। সে তার প্রাপ্ত টাকার চেয়ে আরো বেশি টাকা কি ফেরত দিতে পারবে? এবং স্বামী তার দেয়া মোহরের চেয়ে বেশি নিতে পারবে কিনা?



ইমাম মালিক, শাফিণ্ট, নাসায়ী, 'ইকরিমাহ্, মুজাহিদ প্রমুখ ফাকীহ বলেন, মোহরের চেয়ে বেশি সম্পদের বিনিময়ে স্ত্রীর খুলা' করা বৈধ আছে। সাহাবীদের মধ্যে ইবনু 'আব্বাস, ইবনু 'উমার প্রমুখের একই মত। পক্ষান্তরে ইমাম আহমাদ, ইসহক প্রমুখের মতে মোহরের অতিরিক্ত সম্পদ দিয়ে খুলা' বৈধ নয়। (মিরকাতুল মাফাতীহ)

এ সম্পর্কে দীর্ঘ আলোচনা ফাতহুল কদীর ৫৮-৫৯ পৃঃ দ্রষ্টব্য।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ নাফি' (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন